



## স্বাধীনতা হায়াত মাহমুদ

আমরা হলাম লড়াই করে -  
বেঁচে থাকার জাতি,  
সেই যে প্রাচীন কাল থেকে -  
লড়াই দিবা রাতি।

আমরা হলাম বীর মুজাহিদ -  
আমরা সূর্যসেনা,  
বাংলাদেশী বীর হিসাবে -  
আমরা সবার চেনা।

যুদ্ধে মোরা কোনদিনও  
মানিনিকো হার,  
স্বাধীনতায় আঘাত করে  
এমন সাহস কার?

স্বাধীন দেশের নাগরিক  
স্বাধীন ভাবে থাকবো  
বিশ্ব মাঝে দেশের মান  
উঁচু করে রাখবো।